



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা



জাতীয় শুদ্ধাচার কর্ম-কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর ২০২২) অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ রাহেদ হোসেন পরিচালক
সভার তারিখ	১৬ নভেম্বর ২০২২
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য প্রোগামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ-কে অনুরোধ জানান। সভায় সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর'২২) এর কার্যক্রমসমূহ বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: সভায় সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের (Stakeholder) সভায় (১). অভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী ব্যক্তি অথবা প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি), (২). সুশীল সমাজের প্রতিনিধি এবং (৩). মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের কর্মকর্তা বা কর্মচারীগণকে অংশীজনের সভায় অংশগ্রহণের জন্য আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-২: সভায় সার্কেল এবং জেলা কার্যালয়সমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন পূর্বক ও ওয়েবসাইটে প্রকাশ এবং স্ব স্ব-কার্যালয়ের দৃশ্যমান স্থানে স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৩: সভায় সার্কেল ও জেলা কার্যালয়ের তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী 'দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা' মনোনয়ন প্রদান পূর্বক ওয়েবসাইটে প্রকাশ এবং এ কার্যালয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০ আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রাহেদ হোসেন
পরিচালক

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০৪.২২.১৭৫

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯

০৪ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ৫) উপপরিচালক (প্রশাসন) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৬) নির্বাহী প্রকৌশলী, ডেক্স-১/২/৩/৪, ডিজাইন-১/২/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ৭) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৮) প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯) সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ১০) উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ১১) প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১২) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১৩) পিএ টু প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলী মহোদয়ের জ্ঞাতার্থ)
- ১৪) পিএ টু পরিচালক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থ)



(ইফতেখার উদ্দিন আহাম্মদ)

প্রোগ্রামার